দৈনিক সংবাদ

২৭

তারিখ ... ... SEP 17 1999
পৃঃ ৪ কলাম ১

# চট্টগ্রাম সরকারি কলেজের দুরবস্থা

চট্টগ্রাম সরকারি কলেজ ১৩০ বছরের পুরনো। ১৮৬৯ সালে প্রতিষ্ঠিত এই কলেজটি এখন শিক্ষক, ক্লাসরুম, বই এবং লাইব্রেরির স্থান স্বল্পতার সংকটে পড়েছে। ঐতিহ্যবাহী এই কলেজে নেই কোন লাইব্রেরিয়ান এবং অ্যাকাউন্টেন্ট। মেয়েদের জন্য কোন হোস্টেল নেই। কোন বিনোদনমূলক ব্যবস্থাও নেই। অথচ কলেজে বর্তমানে কমপক্ষে ১২,০০০ ছাত্রছাত্রী রয়েছে।

প্রাচীন এই কলেজটিতে বর্তমানে ১০৪ জন শিক্ষক রয়েছেন। এনাম কমিটির রিপোর্ট অনুযায়ী এই কলেজে ২১২ জন শিক্ষক থাকার কথা। এই রিপোর্ট অনুসরণ করলে ১০৮ জন শিক্ষকের পদ শূন্য রয়েছে ধরতে হবে। চট্টগ্রাম সরকারি কলেজে ১৮টি বিষয়ে অনার্স ও মাস্টার্স কোর্স চালু রয়েছে। কিন্তু শিক্ষকের অভাবে কোর্স দুটির শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। প্রয়োজনীয় ক্লাসরুমের অর্ধেক নিয়ে চলতে হচ্ছে কলেজটিকে।

একটি ঐতিহ্যবাহী সরকারি কলেজ এভাবে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে এটা ভাবা যায় না। চট্টগ্রাম সরকারি কলেজের যে দুরবস্থা সেটা কল্পনাও করা যায় না। চট্টগ্রাম বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম নগরী। চট্টগ্রামের একটি গুরুত্বপূর্ণ কলেজের প্রতি এমন অবহেলা মেনে নেয়া যায় না।

চট্টগ্রাম সরকারি কলেজ কি কর্তৃপক্ষের স্বকৃত গাফিলতির শিকার, না শিক্ষা মন্ত্রণালয়ের অবহেলার শিকার, সেটাই প্রশ্ন। ক্রটি যে পক্ষেরই হোক পরিণতি হচ্ছে কলেজের দুরবস্থা। এর আশু প্রতিকার হওয়া দরকার।

আমরা শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি এ ব্যাপারে। সমস্যা সব শিক্ষা প্রতিষ্ঠানেই রয়েছে। সব শিক্ষা প্রতিষ্ঠানের সমস্যা তাৎক্ষণিকভাবে সমাধান করাও সম্ভব নয়। কিন্তু গুরুত্ব বিবেচনায় চট্টগ্রাম সরকারি কলেজের যে সব সমস্যা সেগুলো অগ্রাধিকার ভিত্তিতে সমাধান করা প্রয়োজন।